

“শেষ দিনের প্রতি বিশ্বাস” বলতে কি বুঝায়?

শেষ দিনের প্রতি বিশ্বাস হলো:- ইয়াওমুল কিয়ামাহ বা কিয়ামাত দিবস এবং পরকাল সম্পর্কে আল্লাহ ﷻ ও তাঁর রাছুল ﷺ প্রদত্ত যাবতীয় সংবাদের প্রতি ঈমান পোষণ করা। পুনরুজ্জীবন ও পুনরুত্থানে বিশ্বাস করা, তথা দৃঢ়ভাবে এই বিশ্বাস পোষণ করা যে, আল্লাহ ﷻ যিনি সমস্ত সৃষ্টিকে অনস্তিত্ব থেকে অস্তিত্ব দান করেছেন, তিনিই সমস্ত কিছু ধ্বংস করার পর পুনরায় সমস্ত সৃষ্টিকে আবার একই অবয়বে জীবিত করে তাঁর সম্মুখে হাযির করবেন।

যেমন কোরআনে কারীমে আল্লাহ ﷻ ইরশাদ করেছেন:-

قُلْ يُحْيِيهَا الَّذِي أَنشَأَهَا أَوَّلَ مَرَّةٍ وَهُوَ بِكُلِّ خَلْقٍ عَلِيمٌ^১

অর্থাৎ- (হে নাবী) বলুন! তিনিই আবার তাদের জীবিত করবেন যিনি প্রথমবার তাদের সৃষ্টি করেছেন। আর তিনি প্রতিটি সৃষ্টি সম্বন্ধেই সম্যক জ্ঞাত।^২

এমনিভাবে মৃত্যুর পর যা ঘটবে, যেমন- ফাব্বরের ছুওয়াল-জাওয়াব (প্রশ্নোত্তর), সেখানকার ‘আযাব ও নি‘মাত (দুঃখ-কষ্ট, আরাম-আয়েশ), কিয়ামাতের ভয়াবহ অবস্থা, পুলসিরাত, দাঁড়িপাল্লা, হিসাব-নিকাশ, প্রতিটি মানুষের তার নামায়ে ‘আমাল প্রাপ্তি (কাউকে তা ডান হাতে, কাউকে বা বাম হাতে পিছনের দিক হতে প্রদান), কৃতকর্মের প্রতিফল প্রদান ইত্যাদি সব কিছুর প্রতি দৃঢ়বিশ্বাস পোষণ করা; শেষ দিনের প্রতি ঈমানের অন্তর্ভুক্ত। এছাড়া সেদিন উম্মাতকে পানি পান করানোর নিমিত্ত আমাদের প্রিয় নাবী মুহাম্মাদ ﷺ এর- তাঁর জন্য নির্ধারিত হাউয়ে কাওছারে অবতরণ, জান্নাত, জাহান্নাম এবং মু‘মিন বান্দাহুগণের তাদের মহান পালনকর্তার দর্শন লাভ এবং তাদের সাথে আল্লাহর (ﷻ) কথা-বার্ত সহ অন্যান্য যা কিছু কোরআনে কারীমে ও রাছুলুল্লাহ ﷺ এর হাদীছে বিশুদ্ধভাবে বর্ণিত রয়েছে, সে সব কিছুর প্রতি দৃঢ়ভাবে ঈমান পোষণ করা; শেষ দিনের উপর বিশ্বাস স্থাপনের অন্তর্ভুক্ত।

অতএব, উপরোক্ত সব ক’টি বিষয়ের প্রতি আল্লাহ ﷻ ও তাঁর রাছুল ﷺ কর্তৃক নির্দেশিত পন্থায় বিশ্বাস পোষণ করা আমাদের প্রত্যেকের উপর ওয়াজিব।

১. سورة يس - ৭৯

২. ছুরা ইয়া-হীন- ৭৯